দৈনিক বাংলা

তারিখ 9/10/79
পৃষ্ঠা ৪ কলাম 2



# ঈদুল আজহার আগে প্রাথমিক শিক্ষকদের বেতন দাবী

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আসমউদ্দীন আহমেদ ও সাধারণ সম্পাদক জনাব আজিজুল হক মানসুরী এক যুক্ত বিবৃতিতে আসন্ন ঈদুল আজহার আগে প্রাথমিক শিক্ষকগণকে শান্তিভাতা, ঈদ অগ্রিম এবং চলতি মাসের বেতন প্রদানের আহবান জানিয়েছেন।

বিবৃতিতে তাঁরা অভিযোগ করেন যে, ঈদ অগ্রিম ও শান্তিভাতা গত রমজানের ঈদের আগেই প্রদানের জন্য সরকার থেকে নির্দেশ দেয়া সত্ত্বেও শিক্ষকগণ তা যথাসময়ে পাননি।

ঢাকা ও ময়মনসিংহসহ দেশের বিভিন্ন এলাকায় বদলীর আদেশপ্রাপ্ত এক শ্রেণীর শিক্ষা অফিসার প্রাথমিক শিক্ষকদেরকে নানাভাবে হয়রানী করছে বলেও তাঁরা অভিযোগ করেন।

## ১৪ই অক্টোবর নির্বাহী পরিষদের সভা

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নির্বাহী পরিষদের বিশেষ বর্ধিতসভা আগামী ১৪ই অক্টোবর সকাল ১০টায় সমিতির ২/১ এলিফ্যান্ট রোডস্থ অফিসে অনুষ্ঠিত হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।